

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৫৬

জিরানীয়া, ০৭ জুন, ২০২৪

জল জীবন মিশন

জিরানীয়া মহকুমায় ২৪,৭৩৫টি বাড়িতে পানীয় জলের সংযোগ

জিরানীয়া মহকুমায় জল জীবন মিশনে এখন পর্যন্ত ২৪ হাজার ৭৩৫টি বাড়িতে পানীয় জলের সংযোগ দেওয়া হয়েছে। মহকুমার পুরাতন আগরতলা রুকে ৯ হাজার ৬৯২টি, বেলবাড়ি রুকে ৬ হাজার ৫২৩টি ও জিরানীয়া রুকে ৮ হাজার ৫২০টি বাড়িতে পানীয় জলের সংযোগ দেওয়া হয়েছে। তাছাড়াও জল জীবন মিশনে জিরানীয়া মহকুমার পুরাতন আগরতলা রুকে ৬০টি ডিপ টিউবওয়েল, ১১টি আয়রণ রিমুভ্যাল প্ল্যান্ট এবং ৭২টি স্মল বোর টিউবওয়েল বসানো হয়েছে। বেলবাড়ি রুকে ৫২টি ডিপ টিউবওয়েল, ১১টি আয়রণ রিমুভ্যাল প্ল্যান্ট, ১২১টি স্মল বোর টিউবওয়েল বসানো হয়েছে। জিরানীয়া রুকে ৫৪টি ডিপ টিউবওয়েল, ৩৪টি আয়রণ রিমুভ্যাল প্ল্যান্ট এবং ৮৯টি স্মল বোর টিউবওয়েল বসানো হয়েছে। পানীয় জল ও স্বাস্থ্য বিধান কার্যালয় থেকে এই সংবাদ জানানো হয়েছে।

\*\*\*\*\*